# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৩০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ সর্বাবস্থায় যেন ইসলামের মাধ্যমে ব্যক্তিকে হেফাযত করেন এজন্য আল্লাহর কাছে প্রার্থনা করার নির্দেশ

## ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ أَنْ يَسْأَلَ حِفْظَ اللَّهِ جَلَّ وَعَلَا إِيَّاهُ بِالْإِسْلَامِ فِي أَحْوَالِهِ

আরবী

930 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ بِخَبَرٍ غَرِيبٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي الْعَلَاءُ بْنُ رُؤْبَةَ التَّمِيمِيُّ هُوَ الْحِمْصِيُّ عَنْ هَاشِمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ: أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ أَصَابَتْهُ مُصِيبَةٌ فَأَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَشَكَا إِلَيْهِ ذَلِكَ وَسَأَلَهُ أَنْ يَأْمُرَ لَهُ بِوَسْقٍ مِنْ تَمْرٍ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (إِن شِئْتَ أَمَرْتُ لَكَ بِوَسْقٍ مِنْ تَمْرٍ وَإِنْ شِئْتَ علَّمتك كَلِمَاتٍ هِيَ خَيْرٌ لَكَ)؟ قَالَ: عَلِّمْنِيهُنَّ ومُرْ لِي بِوَسْقٍ فَإِنِّي ذُو حَاجَةٍ إِلَيْهِ فَقَالَ: (قُلِ: اللَّهُمَّ احْفَظْنِي بِالْإِسْلَامِ قَاعِدًا وَاحْفَظْنِي بِالْإِسْلَامِ قَائِمًا وَاحْفَظْنِي بِالْإِسْلَامِ رَاقِدًا وَلَا تُطِعْ فِيَّ عَدُوًّا حَاسِدًا وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا أَنْتَ آخِذٌ بِنَاصِيَتِهِ وَأَسْأَلُكَ مِنَ الخير الذي هو بيدك كله)

الراوي : هَاشِمِ بْن عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ عَن عُمَرَ بْن الْخَطَّابِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 930 | خلاصة حكم المحدث:. ضعيف.

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: تُوُفِّيَ عُمَرُ بْنُ الْخَطَّابِ وَهَاشِمُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ ابْنُ تِسْعِ سِنِينَ.

বাংলা

৯৩০. হাশিম বিন আব্দুল্লাহ বিন যুবাইর বলেন, একবার উমার রাদ্বিয়াল্লাহু আনহু বিপদগ্রস্থ হয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন অতঃপর তাঁর এই ব্যাপারে অনুযোগ করেন এবং তাঁর কাছে দাবি করেন

যেন তিনি তাকে এক ওয়াসাক বা ৬০ সা' খেজুর দেওয়ার নির্দেশ দেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বলেন, “আপনি যদি চান তবে আমি আপনার জন্য এক ওয়াসাক বা ৬০ সা' খেজুর দেওয়ার নির্দেশ দিব আর যদি চান তবে আমি আপনাকে এমন কিছু বাক্য শিক্ষা দিব, যা আপনার জন্য বেশি কল্যাণকর হবে।” তখন উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আপনি আমাকে বাক্যগুলি শিক্ষা দিন আর সাথে আমার জন্য এক ওয়াসাক বা ৬০ সা' খেজুর দেওয়ার নির্দেশ দিন। কারণ খেজুরগুলো পাওয়া আমার জন্য খুবই প্রয়োজন। জবাবে তিনি বলেন, “আপনি বলুন, اللَّهُمَّ احْفَظْنِي بِالْإِسْلَامِ قَاعِدًا وَاحْفَظْنِي بِالْإِسْلَامِ قَائِمًا وَاحْفَظْنِي بِالْإِسْلَامِ رَاقِدًا وَلَا تُطِعْ فِيَّ عَدُوًّا حَاسِدًا وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا أَنْتَ آخِذٌ بِنَاصِيَتِهِ وَأَسْأَلُكَ مِنَ الخير الذي هو بيدك كله (হে আল্লাহ, আপনি আমাকে ইসলামের মাধ্যমে বসা অবস্থায় রক্ষা করুন, আপনি আমাকে ইসলামের মাধ্যমে দাঁড়ানো অবস্থায় রক্ষা করুন, আপনি আমাকে ইসলামের মাধ্যমে রক্ষা করুন, আমার শয়ন করা অবস্থায়। আপনি আমার ব্যাপারে কোন হিংসুক শত্রুর কথা শুনবেন না। আর আমি আপনার কাছে আশ্রয় চাই সেই জিনিসের (ভাগ্যের) অনিষ্ট থেকে, আপনি যার ললাট ধরে রেখেছেন, আমি আপনার কাছে কল্যাণ চাই, যার সম্পূর্ণ চাবিকাঠি আপনার হাতে।” [1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “যখন উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু মারা যান, তখন হাশিম বিন আব্দুল্লাহ বিন যুবাইর রহিমাহুল্লাহর বয়স নয় বছর ছিল।”

## ফুটনোট

[1] তারিখু ইয়াকুব বিন সুফিয়ান: ১/৪০৩; হাকিম: ১/৫২৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (আয য'ঈফা: ৬০০৩।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু হাশিম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89435

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন